



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



১০৭০০৭

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-৩১/ ১৮৩

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮
৩০ মে, ২০২১

বিষয়: রিট পিটিশন নং- ২০২৪/২০২০ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে


সূত্র: ১। জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম (বরখাস্তকৃত সুপার) এর দরখাস্ত তাং ২৪/০৮/২০২০ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০২৪/২০২০;
৩। নং-বামাশিবো/প্রশাসন/১১৫/গাজীপুর-৩১; তারিখ: ১০/১২/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে গাজীপুর জেলার সদর উপজেলাধীন ধীরাশ্রম ডাকঘরের অন্তর্গত পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসার জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম (বরখাস্তকৃত সুপার) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২০২৪/২০২০ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০৪/০৮/২০১৯খ্রিঃ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ২৪/০২/২০২১খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম (বরখাস্তকৃত সুপার), ভারপ্রাপ্ত সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার জনাব এম.এস.আলম এবং বরখাস্তকৃত সুপার দাবীদার জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম (বরখাস্তকৃত সুপার) এর সুপারিনটেনডেন্ট'র পদ থেকে বরখাস্তকরণ প্রক্রিয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ৪১(ঘ)(২) ধারা প্রতিপালন করা হয়নি।

বর্ণিত অবস্থায় জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম (বরখাস্তকৃত সুপার) পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


৩০.০৫.২০২১

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ

১. সভাপতি, পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ধীরাশ্রম, সদর, গাজীপুর;
২. ভারপ্রাপ্ত সুপার, পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ধীরাশ্রম, সদর, গাজীপুর;
৩. জনাব আবুল বাশার মোহঃ শামসুল আলম, পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ধীরাশ্রম, সদর, গাজীপুর।

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-৩১/ ১৮৩

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮
৩০ মে, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, গাজীপুর;
৪. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, গাজীপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


৩০/৫/২১

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২-৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd